

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৩৪(আগরতলা, ১৯।০২)
আমবাসা, ১৯ ফেব্রুয়ারি, ২০১৯

আমবাসা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের স্টাফ কোয়ার্টার নির্মাণ

আমবাসা বাজারের জল নিষ্কাশী ব্যবস্থার জন্য পূর্ত দপ্তরের আমবাসা বিভাগীয় কার্যালয়ের উদ্যোগে চলতি বছরে পূর্ত দপ্তরের বরাদ্দ অর্থে আমবাসা বাজার এলাকায় ৪৫০ মিটার আর সি সি পাকা নালা নির্মাণের কাজ চলছে। এরজন্য ব্যয় হবে ১ কোটি ৩০ লক্ষ টাকা। এছাড়াও ধলাই জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয়ের উদ্যোগে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের বরাদ্দ অর্থে আমবাসা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের স্টাফ কোয়ার্টারের দ্বিতল পাকাবাড়ি নির্মাণের কাজ চলছে। এটি নির্মাণ করতে ১ কোটি ৭০ লক্ষ টাকা ব্যয় হবে। আমবাসা পূর্ত বিভাগীয় কার্যালয় থেকে এই তথ্য জানানো হয়েছে।
